

স্মারক নং-৪৬.০০.২২০০.০১৭.২৭.০০৪.১৭- ৯৯৬

তারিখ : ২৯ ফাল্গুন, ১৪২৮
১৪ মার্চ, ২০২২

বিষয় : কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলাধীন ০৬নং আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব
জাহাঙ্গীর সিকদার এর বিরুদ্ধে অভিযোগ সংক্রান্ত।

সূত্র: জনাব মহিবুল হাসান চৌধুরী, এমপি, মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর ডিওপত্র নং-০৩৫,
তারিখ: ০৭/০৩/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, জনাব মহিবুল হাসান চৌধুরী, এমপি, মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর ডিও পত্রটি প্রেরণপূর্বক কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলাধীন ০৬নং আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জাহাঙ্গীর সিকদার এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন জরুরী ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

Jh
14.03.22

(জেসমীন প্রধান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪

Email : lgup1@lgd.gov.bd

✓ জেলা প্রশাসক
কক্সবাজার

অনুলিপি: (জাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। জনাব মহিবুল হাসান চৌধুরী, এমপি, মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।




স্মারক নং- ৩৭.০০.০০০০.০১১.৯৯.০৬.২০১৯-০৩৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

প্রিয় মহোদয়,

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাবা তানজিনা সুলতানা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একজন সদ্য সাবেক প্রগতিশীল শিক্ষার্থী, পিতা- মৃত ফিরোজ আলম (ডিপ্লোমা কৃষিবিদ ইন্সটিটিউটের বঙ্গবন্ধু প্যানেলের মনোনয়নে নির্বাচিত কক্সবাজার জেলার সভাপতি ছিলেন), ঠিকানা: গ্রাম-ফতেহ আলী সিকদার পাড়া, ডাকঘর- বড়ঘোপ, কুতুবদিয়া, কক্সবাজার। গত ২৩ জুলাই ২০২১ তার পিতা ফিরোজ আলম মৃত্যুবরণ করেন। তার পিতার মৃত্যুর পর কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলাধীন ৬নং আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জাহাঙ্গীর সিকদার, তানজিনা সুলতানার পিতার রেখে যাওয়া সম্পত্তি দখল করার চেষ্টা করেন এবং তিনি ভূয়া ওয়ারিশ সনদ তৈরি করেন। তানজিনা সুলতানা ভূয়া ওয়ারিশের বিরুদ্ধে আদালতে মামলা করেন (মামলা নং-সি.আর.২৯২)। এর প্রেক্ষিতে গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে চেয়ারম্যান জাহাঙ্গীর সিকদার সন্ত্রাসী বাহিনী নিয়ে তানজিনা সুলতানাকে হত্যার উদ্দেশ্যে আক্রমণ করেন বলে অভিযোগ করেন। স্থানীয় থানায় মামলার জন্য আবেদন করলে থানায় মামলা গ্রহণ না করায় তানজিনা সুলতানা চেয়ারম্যান জাহাঙ্গীর সিকদারের বিরুদ্ধে আদালতে মামলা করেন। আদালত সেটিকে এফআইআর হিসেবে গণ্য করেন, মামলা নং- জি.আর. ০৩/২২। কুতুবদিয়া থানা হতে ১০/০২/২০২২ তারিখে জাহাঙ্গীর সিকদার ও তার সহযোগীদের নামে চার্জশীট কুতুবদিয়া আদালতে প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলাধীন ৬নং আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জাহাঙ্গীর সিকদার (চার্জশীটভুক্ত আসামী)-এর বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(মহিবুল হাসান চৌধুরী এম.পি.)

জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৪) পানি সরবরাহ (পাস)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) অডিট অধিশাখা
	৮) আইন অধিশাখা
ডায়েরি নম্বর: ১০০/১৫৩/২২	তারিখ: ০৭/০৩/২২

১৭০৮
৩২০৮